# নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন

নগর ভবন, ১০ বিবি রোড
নারায়ণগঞ্জ
www.ncc.gov.bd

সূত্র: নাসিক/ওয়ার্ড নং-১০/৯৮

তারিখ: ০৬/০২/২০২৬ খ্রি.

## সভার নোটিশ

**বিষয়: ওয়ার্ড লেভেল কো-অর্ডিনেশন কমিটি (WLCC)'র সভায় যোগদান প্রসঙ্গে।**

উপযুক্ত বিষয়ে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ওয়ার্ড লেভেল কো-অর্ডিনেশন কমিটি (WLCC) এর সভা আগামী ১০/০২/২০২৬ খ্রি. সকাল ১১.০০ ঘটিকায় ১০নং ওয়ার্ড কার্যালয়ে অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

**সভার আলোচ্যসূচী:-**

১। গত সভার কার্যবিবরনী পাঠ ও অনুমোদন।
২। অবকাঠামো নির্মাণ ও উন্নয়ন প্রস্তাবনা।
৩। কর আদায়ের অগ্রগতি র্কাযক্রম র্পযালোচনা।
৪। মশক নিধন কার্যক্রম।
৫। বিবিধ।

শুভেচ্ছান্তে,

(ডাঃ নাফিয়া ইসলাম)
সভাপতি
১০নং ওয়ার্ড লেভেল কো-অর্ডিনেশন কমিটি (WLCC)
ও
মেডিকেল অফিসার
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

CamScanner

# নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন

নগর ভবন, ১০ বিবি রোড

নারায়ণগঞ্জ

www.ncc.gov.bd

## নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের অন্তর্গত ১০নং ওয়ার্ডের WLCC এর ত্রৈমাসিক সভার কার্যবিবরনী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | ডাঃ নাফিয়া ইসলাম<br>মেডিকেল অফিসার<br>নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। |
| ওয়ার্ড নং | : | ১০ |
| সভার তারিখ | : | ১০/০২/২০২৬খ্রি. |
| সভার সময় | : | সকাল ১১.০০ ঘটিকায় |
| সভার স্থান | : | ১০নং ওয়ার্ড কার্যালয়। |

**সভার উপস্থিতি তালিকা পরিশিষ্ট "ক"তে সংযুক্ত**

সভায় উপস্থিত সকল সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে WLCC'র সভাপতি ও মেডিকেল অফিসার ডাঃ নাফিয়া ইসলাম কমিটির সদস্য সচিব জনাব মোঃ আমির হোসেন'কে আলোচ্যসূচী অনুযায়ী সভা শুরু করার জন্য অনুমতি প্রদান করেন।

**আলোচ্যসূচী-১: গত সভার কার্যবিবরনী পাঠ ও অনুমোদন।**

| আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত | দায়িত্ব |
|---|---|---|---|
| গত সভার কার্যবিবরনী পাঠ ও অনুমোদন। | সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে কমিটির সদস্য সচিব জনাব মোঃ আমির হোসেন পূর্ববর্তী সভার কার্যবিবরনী পাঠ করেন। | কোন সংশোধনী না থাকায় কার্যবিবরনীটি সর্ব সম্মতিক্রমে অনুমোদিত হয়। | ১০নং ওয়ার্ড WLCC কমিটি। |

**আলোচ্যসূচী-২: অবকাঠামো নির্মান ও উন্নয়ন প্রস্তাবনা।**

| আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত | দায়িত্ব |
|---|---|---|---|
| অবকাঠামো নির্মান ও উন্নয়ন প্রস্তাবনা। | ১০নং ওয়ার্ড WLCC'র সদস্য সচিব জনাব মোঃ আমির হোসেন অত্র ওয়ার্ডের অবকাঠামো নির্মান ও উন্নয়ন প্রস্তাবনা উপস্থাপনের জন্য সবাইকে অনুরোধ জানান। উপস্থিত সদস্যগণ যে সকল দাবী পেশ করেন; তা নিম্নরূপ:<br>১। গোদনাইল কমিউনিটি সেন্টার পূনঃনির্মাণ।<br>২। হাজিগঞ্জ রেললাইন থেকে চৌধুরীবাড়ী ভায়া ২নং ঢাকেশ্বরী বাজার পর্যন্ত আংশিক আরসিসি ড্রেন মেরামত। | ১০নং ওয়ার্ডে যে যে প্রকল্পগুলো চলমান রয়েছে সেগুলো দ্রুত বাস্তবায়নের সুপারিশ জানিয়ে প্রশাসক, নারায়ণগগঞ্জ সিটি কর্পোরেশন বরাবর প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রকৌশল বিভাগ, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। |

**আলোচ্যসূচী-৩: কর আদায়ের অগ্রগতি পর্যালোচনা।**

| আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত | দায়িত্ব |
|---|---|---|---|
| কর আদায় অগ্রগতি পর্যালোচনা। | WLCC'র সদস্য সচিব জনাব মোঃ আমির হোসেন সভাকে অবহিত করেন যে, আমাদের ১০নং ওয়ার্ডে মোট ৬৫.০৭% | (ক) পৌরকর আদায়ের জন্য ওয়ার্ড ভিত্তিক ক্যাম্পিং | রাজস্ব বিভাগ, নারায়ণগঞ্জ সিটি |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| | পৌরকর আদায় হয়েছে। বিভিন্ন বৈদেশিক প্রকল্পের অন্যতম শর্ত হলো নূন্যতম ৮০% পৌরকর আদায় করা। এ লক্ষ্যমাত্রা অর্জনে ব্যর্থ হলে প্রকল্প সহায়তা কমে যাবে, যার ফলে সিটি কর্পোরেশনসহ সকল নাগরিক ক্ষতিগ্রস্থ হবে। তিনি উপস্থিত সবাইকে পৌরকর আদায়ে স্ব-স্ব অবস্থান হতে ভূমিকা পালনের অনুরোধ জানান। | করার সুপারিশ গৃহীত হয়।<br>(খ) উপস্থিত সবাইকে পৌরকর আদায়ে স্ব-স্ব অবস্থান হতে ভূমিকা পালনের সিদ্ধান্ত গৃহীত হয়। | কর্পোরেশন। |

**আলোচ্যসূচী-৪: মশক নিধন কার্যক্রম।**

| আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত | দায়িত্ব |
|---|---|---|---|
| মশক নিধন কার্যক্রম। | ১০নং ওয়ার্ড WLCC'র সদস্য সচিব জনাব মোঃ আমির হোসেন বলেন, মশক নিধন কার্যক্রম জোরদার করার লক্ষ্যে আমাদের ওয়ার্ডে ইতোমধ্যে বেশ কয়েকটি কার্যকর পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। নিয়মিতভাবে লার্ভা ধ্বংস কার্যক্রম পরিচালনা করা হচ্ছে এবং ঝুঁকিপূর্ণ এলাকাগুলো চিহ্নিত করে সেখানে বিশেষ নজরদারি রাখা হয়েছে। জমে থাকা পানি অপসারণে পরিচ্ছন্নতা কর্মসূচি চলমান রয়েছে এবং প্রয়োজন অনুযায়ী ফগিং ও কীটনাশক স্প্রে কার্যক্রম বাস্তবায়ন করা হয়েছে। পাশাপাশি ওয়ার্ডবাসীর মাঝে সচেতনতা বাড়াতে মাইকিং ও সরাসরি যোগাযোগের মাধ্যমে পরামর্শ প্রদান করা হচ্ছে। সকলের সহযোগিতায় এসব কার্যক্রম আরও কার্যকরভাবে বাস্তবায়ন হবে বলে আমরা আশাবাদী। | ১০নং ওয়ার্ডের এসব কার্যক্রমকে সাধুবাধ জানিয়ে সকলকে ধন্যবাদ জানান এবং এ কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত হয়। | ১০নং ওয়ার্ড WLCC কমিটি। |

**আলোচ্যসূচী-৫: বিবিধ।**

| আলোচ্যসূচী | আলোচনা | সিদ্ধান্ত | দায়িত্ব |
|---|---|---|---|
| বিবিধ। | ১০নং ওয়ার্ড WLCC'র সদস্য জনাব মোঃ সেলিম মাদবর বলেন, আমাদের ওয়ার্ডে মাদকের বিস্তার দিন দিন বেড়েই চলেছে। এতে করে যুবক সমাজ ধ্বংসের দিকে যাচ্ছে। তাই তিনি মাদক নিয়ন্ত্রনের দাবী জানান। | ১০নং ওয়ার্ডের মাদক নিয়ন্ত্রনের জন্য বিশেষ অভিযান চালানোর সিদ্ধান্ত হয়। | ১০নং ওয়ার্ড WLCC কমিটি এবং প্রশাসন বিভাগ, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। |

বিবিধতে আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ এবং আগামী সভায় যথাসময়ে উপস্থিত থাকার অনুরোধ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(ডাঃ নাফিয়া ইসলাম)
সভাপতি
১০নং ওয়ার্ড লেভেল কো-অর্ডিনেশন কমিটি (WLCC)
ও
মেডিকেল অফিসার
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

CamScanner

# পরিশিষ্ট "ক"

## ১০ নং ওয়ার্ডের WLCC সভার সদস্যদের হাজিরা।

তারিখ:

| ক্র: নং | সদস্যের নাম | কমিটিতে পদবী | মোবাইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০১ | ডাঃ নাফিয়া ইসলাম | সভাপতি | 01681-068472 | |
| ০২ | জনাব শিরিনা আক্তার | সদস্য | 01930-563549 | |
| ০৩ | জনাব মোঃ সোহেল মিয়া | সদস্য | 01908-320923 | Sohel |
| ০৪ | জনাব মোঃ আনিস সিকদার | সদস্য | 01715-013227 | |
| ০৫ | জনাব মোঃ সেলিম মাদবর | সদস্য | 01834-207091 | Selim |
| ০৬ | জনাব রাজিব হোসেন | সদস্য | 01748-555386 | |
| ০৭ | জনাব শিউলী আক্তার | সদস্য | 01917-770390 | |
| ০৮ | জনাব মোঃ জসিম উদ্দিন | সদস্য | 01983-120001 | |
| ০৯ | জনাব মোঃ মনির হোসেন | সদস্য | 01731-800574 | |
| ১০ | জনাব মোঃ ইমরান হোসেন | সদস্য | 01670-939115 | |

CamScanner

| ক্র: নং | সদস্যের নাম | কমিটিতে পদবী | মোবাইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১১ | জনাব লায়লা আক্তার | সদস্য | 01902-705055 | |
| ১২ | জনাব মোঃ জসিম উদ্দিন | সদস্য | 01911-305910 | |
| ১৩ | জনাব মোঃ সুজন মিয়া | সদস্য | 01674-211256 | |
| ১৪ | জনাব সীমা রানী চৌহান | সদস্য | 01903-086984 | |
| ১৫ | জনাব রানু রায় | সদস্য | 01812-558420 | |
| ১৬ | জনাব বিজয় চন্দ্র সরকার | সদস্য | 01939-886372 | |
| ১৭ | জনাব নাজমুল হক | সদস্য | 01711-104272 | |
| ১৮ | জনাব মোঃ আমির হোসেন | সদস্য সচিব | 01635-092030 | |

CS CamScanner